

লোহিত সাগরে পর্যটকবাহী সাবমেরিন ডুবে নিহত ৬

- A Monitor Desk Report

Date: 29 March, 2025



ঢাকা: মিশর উপকূলে লোহিত সাগরে পর্যটকবাহী সাবমেরিন সিন্দবাদ ডুবে ৬জন রাশিয়ান নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন আরও ৯ জন।

বৃহস্পতিবার (২৭ মার্চ) সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, মিসরের লোহিত সাগরে হরঘাদার মারিয়ট হোটেল রিসোর্টের বিপরীতে সামমেরিনটি ডুবে গেছে। বার্তাসংস্থার প্রতিবেদনে বলা হয়েছে, পৌর কর্তৃপক্ষ জানিয়েছে, নিহতদের মধ্যে ছয়জন বিদেশি নাগরিক ছিলেন।

রুশ কনস্যুলেট জানিয়েছে, সাবমেরিনে থাকা সব পর্যটক রুশ নাগরিক ছিলেন। প্রাথমিক তথ্য অনুযায়ী, অধিকাংশ যাত্রীকে উদ্ধার করে হরঘাদার হোটেল এবং হাসপাতালগুলোতে পাঠানো হয়েছে। তবে কনস্যুলেট জানিয়েছে, কিছু পর্যটকের পরিস্থিতি এখনো স্পষ্ট নয়।

প্রতিবেদনে বলা হয়েছে, এখনো পর্যন্ত সাবমেরিনটি ডুবির কারণ স্পষ্ট জানা যায়নি।

ডুবে যাওয়া সাবমেরিন সিনবাদের ওয়েবসাইটে বলা হয়েছে, তারা দুটি সাবমেরিন পরিচালনা করে, যা ২৫ মিটার (৮২ ফুট) গভীরতায় পর্যটকদের লোহিত সাগরের জলজ দুনিয়া দেখতে সুযোগ দেয়।

স্থানীয় গভর্নরেট অফিস জানিয়েছে, নিশ্চিতভাবে নিহত সব পর্যটক বিদেশি নাগরিক ছিলেন এবং বেঁচে যাওয়া সবাইকে অ্যাম্বুলেন্সে করে হরঘাদার বিভিন্ন হাসপাতালে নেওয়া হয়েছে। জরুরি টিম ২৯ জনকে উদ্ধার করেছে।

সংবাদমাধ্যম জানিয়েছে, এ ঘটনার পর লোহিত সাগর অঞ্চলে পর্যটন কোম্পানিগুলো তাদের সফর সীমিত বা বন্ধ করে দিয়েছে, বিশেষ করে

গত দশকে এই অঞ্চলে সংঘর্ষের কারণে। এর আগে মেট্রোজেট উড়োজাহাজ কোম্পানির একটি উড়োজাহাজ বিস্ফোরণের পর কিছু এয়ারলাইন্স তাদের মিশরের জন্য প্যাকেজ ফ্লাইট বন্ধ করে দিয়েছিল।

গত নভেম্বরে, মিসরের লোহিত সাগর অঞ্চলে একটি পর্যটক ইয়ট ডুবে গিয়েছিল, যখন উপকূলে ঝড়ের পূর্বাভাস ছিল। সে ঘটনায় অন্তত ৪ জন নিহত হয় এবং ৩৩ জনকে উদ্ধার করা হয়।